

২০২১

বাংলা — সাম্মানিক

চতুর্থ পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দসংখ্যা পাঠক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। (ক) ঐতিহাসিক নাটকের সংজ্ঞা, বৈশিষ্ট্যের আলোচনাসহ একটি বাংলা ঐতিহাসিক নাটকের পরিচয় দাও। ৮+৭
অথবা,
(খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো। ৭^১/_২+৭^১/_২
(অ) ট্রাজেডি
(আ) একাক্ষ নাটক
(ই) সামাজিক নাটক
(ঈ) প্রহসন।
- ২। (ক) বাংলা নাটক অভিনয়ের ক্ষেত্রে নাট্য নিয়ন্ত্রণ বিলের প্রেক্ষাপট, উদ্দেশ্য ও পরিণতি সম্পর্কে আলোচনা করো। ১৫
অথবা,
(খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো। ৭^১/_২+৭^১/_২
(অ) লেবেডফ ও বেঙ্গলি থিয়েটার
(আ) জোড়সাঁকো নাট্যশালা
(ই) ন্যাশনাল থিয়েটার (প্রথম পর্ব)
(ঈ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার।
- ৩। (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে সংলাপ প্রয়োগের সার্থকতা বিচার করো। ১০
অথবা,
(খ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে সমকালীন সমাজের যে রূপটি ফুটে উঠেছে, তা আলোচনা করো। ১০

Please Turn Over

৪। (ক) ‘বুড় সালিকের ঘাড়ে রৌঁ’ প্রহসনটিতে হাস্যরস সৃষ্টিতে মধুসূদনের দক্ষতা বিচার করো। ১০

অথবা,

(খ) ‘বুড় সালিকের ঘাড়ে রৌঁ’ প্রহসনটিতে ভক্তপ্রসাদ চরিত্রটির স্বরূপ আলোচনা করো। ১০

৫। (ক) ‘মুক্তধারা’ নাটকে অভিজিতের ভূমিকা বিশ্লেষণ করো। ১৫

অথবা,

(খ) ‘মুক্তধারা’ নাটকে সংগীতের ভূমিকাটি স্পষ্ট করো। ১৫

৬। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

(ক) “সেইখানে যন্ত্রাসুরকে তিনি আঘাত করলেন, যন্ত্রাসুর তাঁকে সেই আঘাত ফিরিয়ে দিলে” — কে, কাকে একথা বলেছে? কেন বলেছে? ১+১+৩

(খ) “যুবরাজকে শিবতরাইয়ে পাঠাবার ইচ্ছে আমার একেবারেই ছিল না।” — কে, কাকে একথা বলেছেন? উক্তিটির তাৎপর্য বোঝাও। ১+১+৩

(গ) “বিভূতি তার কীর্তিটাকে এমন করে গড়ল কেন ভাই?” — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

(ঘ) “বাবারে! ওটাকে অসুরের মাথার মতো দেখাচ্ছে, মাংস নেই, চোয়াল বোলা!” — একথা কে, কাকে বলেছে? ‘ওটা’ কী? ‘ওটা’র কাজ কী? ২+২+১

৭। (ক) ‘টিনের তলোয়ার’ নাটকে ময়না চরিত্রের উপযোগিতা বিচার করো। ১৫

অথবা,

(খ) ‘টিনের তলোয়ার’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

৮। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

(ক) “তুমি হয়তো থিয়েটারের জন্য ইজ্জৎ বেচতে পারো, সবাই অত সম্মা নাও হতে পারে।” — কে, কাকে বলেছে? একথা বলার কারণ কী? ২+৩

(খ) “তুমি তো মুচির কুকুরের মত ফুলে উঠেছ দেখছি।” — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

(গ) “সেখানে ময়নার সতীত্ব বিক্রি হবে।” — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

(ঘ) “এত নেকাপড়া করে টিনের তলোয়ার বেঁধে ছেলেমানুষী করো কেন?” — বক্তা কে? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে? টিনের তলোয়ারের কথা কেন বলা হয়েছে? ১+১+৩